You can ask for this leaflet in large print, on audio tape or in another language. Please contact us on 020 8709 4300.

আপনি এই লিফলেটটি বড় ছাপায়, অডিও টেপে বা অন্য যে কোন ভাষায় পেতে পারেন। দয়া করে আমাদের সাথে যোগাযোগ করুন ০২০ ৮৭০৯ ৪৩০০ নম্বরে। [Bengali]

Waxaad dalban kartaa warqaddan oo ku daabacan farta waawayn, iyadoo ku duuban cod ama ku tarjuman luqadaha beesha. fadlan nagala soo xidhiidh telefoonka ah 020 8709 4300. [Somali]

Możesz poprosić o tę ulotkę drukowaną dużą czcionką, w postaci zapisu audio lub w innym z języków społeczności. Skontaktuj się z nami pod numerem telefonu 020 8709 4300. [Polish]

Quý vị có thể xin tờ rơi (tờ thông tin) này bằng khổ chữ lớn, băng ghi âm hoặc tiếng nói khác trong cộng đồng. Xin vui lòng liên lạc với chúng tôi, điện thoại số 020 8709 4300. [Vietnamese]

你可要求這份單張的大字印刷本、錄音或其他社區語言的版本，請致電 020 8709 4300 與我們聯絡。 [Chinese]

آپ یہ کتابچہ بڑے حروف، آڈیو یا کسی دوسری کمیونٹی زبان میں طلب کر سکتے ہیں۔ براہ مہربانی ہم سے فون نمبر 020 8709 4300 پر رابطہ کریں۔ [Urdu]

Awarded for excellence

INVESTOR IN PEOPLE

North River Alliance

Gateway Housing Association
409-413 Mile End Road, London, E3 4PB
Residents: 020 8709 4300
General enquiries: 020 8709 4409
Fax: 020 8709 4400
Email: enquiries@gatewayhousing.org.uk
www.gatewayhousing.org.uk

আমরা আপনাদেরকে যে সার্ভিসগুলো প্রদান করব এই লিফলেটের মাধ্যমে সেসম্পর্কে তথ্য প্রদান করা হল। টেন্যান্সি এগ্রিমেন্ট অনুযায়ী আপনার যে অধিকারগুলো আছে এই লিফলেট তাতে কোন পরিবর্তন আনবে না।
এই লিফলেটটি তৈরী করতে যে বাসিন্দারা সাহায্য করেছেন তাদেরকে অনেক অনেক ধন্যবাদ।

Published December 2009

৫

আপনার বাড়ির গুরুত্বপূর্ণ কাজ

Major work to your home
– Bengali translation

gateway housing association

ল্যান্ডলর্ড হিসাবে আমরা নিয়মিত আপনার বাসার গুরুত্বপূর্ণ কাজগুলো (মেজর ওয়ার্ক) সম্পন্ন করব। এর মধ্যে থাকতে পারে আপনার কিচেন, বাথরুম কিংবা সেন্ট্রাল-হিটিং বয়লার পরিবর্তন করা।

আপনার বাসায় গুরুত্বপূর্ণ কাজ করার সময় আপনি আমাদের ও আমাদের কন্ট্রাক্টরদের কাছ থেকে যা আশা করতে পারেন তা এই লিফলেটে বলা হয়েছে।

আপনাদের সাথে আমাদের আলোচনা

আমরা যা করব:

- আমরা কোন কাজ শুরু করার আগে কাজের ধরন ও তা কখন শেষ হবে তা নিয়ে আপনাদের সাথে কথা বলব;
- কন্ট্রাক্টর বাছাই ও কন্ট্রাক্ট তৈরীর সময় আপনাদের জড়িত করা হবে;
- প্রতি বছর কন্ট্রাক্ট পর্যালোচনায় আপনাদের জড়িত করা হবে;

আপনার বাড়িতে কোন কাজ করার আগে

আমরা যা করব বা আমাদের কন্ট্রাক্টর যা করবে:

- আপনাকে কিচেন ইউনিট, ওয়াল টাইলস এবং কিচেন ও বাথরুমের ফ্লোর কাভারিং-এর রং পছন্দ করার সুযোগ দেয়া হবে (যদি কাজের তালিকায় থাকে);
- কাজ শুরুর আগে আপনার নতুন কিচেনের লে আউট আপনার পছন্দ মত হয়েছে কিনা তা নিশ্চিত করা হবে (যদি তা কাজের তালিকায় অন্তর্ভূক্ত থাকে);
- কাজ শুরুর আগে বাথরুমের টাইলস ও ফ্লোরিং আপনার পছন্দ মত হয়েছে কিনা তা নিশ্চিত করা হবে (যদি তা কাজের তালিকায় অন্তর্ভূক্ত থাকে);
- কন্ট্রাক্টরের সাথে যোগাযোগের জন্য আপনাদেরকে প্রয়োজনীয় তথ্য দেয়া হবে; এবং
- আপনাদেরকে কাজ শুরুর ২৮ দিন আগে সম্ভাব্য তারিখ এবং ৭ দিন আগে তার নির্দিষ্ট তারিখ জানানো হবে।

আপনার বাড়িতে যখন কাজ করা হবে

আমাদের কর্মচারী ও কন্ট্রাক্টরগণ যা করবেন:

- আপনাকে তাদের পরিচয়পত্র দেখাবেন (তাদের পরিচয় নিশ্চিত হওয়ার জন্য আপনি আমাদের কাছে ফোন করতে পারেন);
- উন্নত মানের কাজ করা হবে;
- আপনি না পারলে ফার্নিচার সরানোর কাজে আপনাকে সাহায্য করা হবে;
- প্রয়োজন হলে ডাস্টশীট ও কার্পেট প্রটেক্টর ব্যবহার করে আপনার ফার্নিচার ও মাল জিনিস রক্ষা করা হবে;
- যারা কাজ করবেন তারা সবসময় আমাদের কোম্পানীর ইউনিফরম পরে থাকবেন;
- ভালো মানের উপাদান ব্যবহার করা হবে যাতে কাজের মান ব্রিটিশ স্টান্ডার্ডের হয়;
- দরকার হলে আপনার মেইন রুমে (যেমন লিভিং রুমে) সাময়িক হিটিং-এর ব্যবস্থা করা হবে;
- প্রতিদিন কাজ শেষে আপনার জন্য টয়লেট, ঠান্ডা ও গরম পানির ব্যবস্থা, রান্না করার সুযোগসুবিধা, লাইটিং ও হিটিং-এর ব্যাবস্থা রেখে যাওয়া হবে;
- প্রতিদিন কাজ শেষে আপনার বাসা পরিস্কার করে রেখে যাওয়া হবে;
- আপনার বাসায় শিশু, রোগা বা ডিসএবলড লোক থাকলে বিশেষভাবে খেয়াল রাখা হবে;
- আপনার গ্যাস, পানি বা বিদ্যুত সংযোগ বিচ্ছিন্ন করতে হলে আপনাকে তা আগে থেকে জানানো হবে;
- তারা যেখানে কাজ করবেন কেবল সেখানেই যাবেন;
- দরজা বন্ধ রেখে এবং ল্যাডার বা স্কাফোল্ডিং বেয়ে যাতে কেউ ঢুকতে না পারে তার ব্যবস্থা করে আপনার বাড়ি ও ব্লোকের নিরাপত্তা নিশ্চিত করা হবে;
- কোন ধর্মীয় অনুষ্ঠান বা ছুটি থাকলে তার প্রতি সম্মান দেখাবেন;
- ভদ্রতা বজায় রাখবেন এবং আপনার বাড়িকে গুরুত্বের সাথে দেখবেন; এবং
- আমাদের সার্ভিসের মান যাচাই করার জন্য নিয়মিত সার্ভে করবেন।

আমাদের কর্মচারী ও কন্ট্রাক্টরগণ যা করবেন না:

- তারা কোন খারাপ কথা বলবেন না এবং কোন ধরনের অশোভোন আচরণ করবেন না;
- আপনার বাড়িতে কিংবা শেয়ারড এলাকায় মাল জিনিস বা ময়লা ফেলে রাখবেন না;
- আপনার টয়লেট বা অন্য কোন সুযোগসুবিধা ব্যবহার করবেন না;
- আপনার বাড়িতে ধূমপান করবেন না; অথবা
- আপনি (অথবা আপনার মনোনীত কেউ) অনুপস্থিত থাকলে অনুমতি ছাড়া সেখানে কাজ করবেন না।

আমাদের কাজ যখন শেষ হবে

আমাদের কন্ট্রাক্টরগণ যা করবেন:

- তারা কাজ শেষ হওয়ার পরে (তারা যে কাজ করেছেন তাতে যদি কোন সমস্যা হয় তা ঠিক করার জন্য) কমপক্ষে ছয় মাস 'আফটার কেয়ার' সার্ভিস প্রদান করবেন (মেকানিক্যাল ও ইলেক্ট্রিক্যাল কাজের জন্য ১২ মাস); এবং
- তারা যে কাজ করেছেন তা ঠিকমত হয়েছে কিনা এবং আপনি তাতে সন্তুষ্ট কিনা তা জানার জন্য আপনার কাছে লিখবেন।

আমরা যা করব:

- আপনার বাড়িতে যে কাজগুলো করা হয়েছে তা ঠিকমত করা হয়েছে কিনা তা খতিয়ে দেখব; এবং
- কাজ শেষে আমরা আপনার নিকট একটি সন্তুষ্টি জরিপ পাঠাব।

আপনার আরো কোন তথ্য দরকার হলে কিংবা কোন সাহায্য বা পরামর্শ লাগলে দয়াকরে আপনার হাউজিং অফিসারকে ০২০ ৮৭০৯ ৪৩০০ নম্বরে ফোন করুন।